দৈনিক বাংলা

তারিখ 2 3 AUG 1993

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫৫ ...

162

## সংঘর্ষে আহত ১৮

# কুমিল্লা পলিটেকনিক বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা ঃ কুমিল্লা, ২২ আগস্ট।—রোববার কোর্টবাড়ি পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্র-পুলিশ সংঘর্ষে ১৮ জন আহত হয়েছে। আহতদের মধ্যে ৩ জন পুলিশ, বাকীরা ছাত্র। সম্প্রতি অনুষ্ঠিত ডিপ্লোমা ফাইনাল পরীক্ষায় ৫২ জন

(৮–এর পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## কুমিল্লা পলিটেকনিক

অকৃতকার্য ছাত্রকে পাস করিয়ে দেয়ার দাবীতে বিগত তিন দিন ধরে পলিটেকনিক ইন্সটিটিউটে ছাত্ররা বিক্ষোভ প্রদর্শন করে আসছিল। শনিবার রাতে বিক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষের বাসভবনের দেয়াল ভাংচুর করে এবং ইন্সটিটিউটের টেলিফোন লাইন কেটে দেয়।

বিরাজমান উত্তেজনার প্রেক্ষাপটে শনিবার রাতেই পুলিশ মোতায়েন করা হয়। ইন্সটিটিউট কর্তৃপক্ষ ও জেলা প্রশাসন ছাত্রদের রোববার বেলা ১২টার মধ্যে হোস্টেল ছেড়ে দেয়ার কথা বলে। বিক্ষুব্ধ ছাত্ররা সকাল ১১টার দিকে লাঠিসোটা সহকারে জঙ্গী মিছিল বের করে। ইন্সটিটিউট চত্বরে মিছিল নিয়ে প্রবেশের মুখে বাধাপ্রাপ্ত হয়ে ছাত্ররা পুলিশের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হয়। এতে তিন পুলিশসহ ১৮ জন আহত হয়। ঘটনার সময় বিপ্লাল হোসেন (ছাত্র) বোমা বিস্ফোরণে মারাত্মক আহত হয়। তাকে চিকিৎসার জন্য ঢাকা পাঠানো হয়েছে। কর্তৃপক্ষ ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছেন।